



পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি:
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)



PGCB Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212

web: www.pgcb.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.৪২৬.১৪.২৫২.২১.৪২৪

তারিখঃ ২২ আগস্ট ২০২১খ্রিঃ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

খুলনা অঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটানোর লক্ষ্যে ২৩.৮৫৬ কিলোমিটার দীর্ঘ মংলা (রামপাল) হতে খুলনা দক্ষিণ (হোগলাডাঙ্গা) পর্যন্ত ২৩০কেভি (২,৩০,০০০ ভোল্টেজ) ডাবল সার্কিট সঞ্চালন লাইন নির্মাণ কাজ শেষ করা হয়েছে। লাইনটি আগামী ২৬শে আগস্ট ২০২১খ্রিঃ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকায় ২,৩০,০০০ ভোল্টেজ দিয়ে খুলনা দক্ষিণ ২৩০/১৩২ কেভি গ্রিড উপকেন্দ্র হতে চালু করা হবে। চালুর পর হতে লাইনটি উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে।

নবনির্মিত লাইনটি বাগেরহাট জেলার অন্তর্গত রামপাল উপজেলার রাজনগর ইউনিয়নের রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্র, শৈলতাখালী/গৃহনখালী, বাঁশেরছলো গ্রাম ও গৌরাখা ইউনিয়নের কাপাসডাঙ্গা, বর্নি-সায়রাবাদ, শ্রীরম্মা গ্রাম এবং খুলনা জেলার অন্তর্গত বটিয়াঘাটা উপজেলার ভান্ডারকোট ইউনিয়নের নয়াইলতলা, বড়হাজিরা বাঁধ গ্রাম, বালিয়াডাঙ্গা ইউনিয়নের টালিয়ামারা, ফুলবাড়ী, বাদুয়ার চর, রনজিৎতের ছলা গ্রাম ও জলমা ইউনিয়নের কচুবুনিয়া, জলমাগ্রাম, ছয়ঘড়িয়া, বাঁশবাড়িয়া এবং নিজখামার গ্রাম এর উপর দিয়ে অতিক্রম করেছে। দূর্ঘটনা এড়াতে জনসাধারণকে উক্ত সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহণ, গবাদিপশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপন প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার অনুরোধ করা যাচ্ছে। একই সঙ্গে সকলকে ২৩০কেভি লাইন হতে নিরাপদ দূরত্বে (উভয়পার্শ্বে ১৫ মিটার) থাকতে অনুরোধ করা হচ্ছে। কেউ উচ্চ ভোল্টেজ বিদ্যুতায়িত সঞ্চালন লাইন টাওয়ারের সংস্পর্শে এসে দূর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রবীর চন্দ্র দত্ত

প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব), মংলা-খুলনা (দঃ) ২৩০কেভি সঞ্চালন লাইন প্রকল্প